

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:16-08-2024
Time: 7.35 - 7.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

RajBhaban at Home :

স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে গতকাল সন্ধ্যায় রাজভবনে এট হোম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু, মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা, খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী, বনমন্ত্রী অনিমেঘ দেববর্মা, বিধানসভার মুখ্যসচিব কল্যাণী রায়, বিধায়কগণ, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং, বিচারপতি টি অমরনাথ গৌড়, অরিন্দম লোধ, বিশ্বজিৎ পালিত, সব্যসাচী দত্ত পুরকায়স্থ, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন সহ রাজ্য প্রশাসনের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। তাছাড়া সেনাবাহিনীর আধিকারিক, আধা সামরিক বাহিনীর আধিকারিক, সমাজসেবী এবং জাতীয় পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এট হোম অনুষ্ঠানে ত্রিপুরার কুইন প্রজাতির আনারসের আরও জনপ্রিয়তার জন্য রাজভবনের প্রবেশ পথ, সাংস্কৃতিক অনুষ্ঠান মঞ্চের বিভিন্ন জায়গায় কুইন আনারস প্রদর্শন করা হয়। এট হোম অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মনোজ্ঞ দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

Governor Tripura:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল আগরতলার গান্ধীঘাটে শহীদবেদিতে মাল্যদান করে বলেন, আমাদের পূর্ব পুরুষের বলিদানের কারণে আজ আমরা স্বাধীনভাবে জীবনযাপন করছি। রাজ্যপাল শ্রী নাল্লু গতকাল সকালে প্রথমে সার্কিট হাউস সংলগ্ন মহাত্মা গান্ধীর মূর্তিতে মাল্যদান করেন। পরে গান্ধীঘাটের গান্ধীবেদিতে এবং লিচুবাগানস্থিত এলবার্ট এক্সা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করেন। তিনটি অনুষ্ঠানেই কৃষিমন্ত্রী রতনলাল নাথ উপস্থিত ছিলেন। মন্ত্রী শ্রী নাথ এলবার্ট এক্সা পার্কে বলেছেন, বর্তমান প্রজন্মকে মনে করিয়ে দিতে হবে কত বলিদানের পর আমরা স্বাধীনতা পেয়েছি। ছাত্র থেকে শুরু করে বৃদ্ধ পর্যন্ত সবাই যেন রাষ্ট্র চেতনায় রাষ্ট্রবাদী হতে পারেন তার জন্য আহ্বান করেছেন মন্ত্রী।

Independence day -C.M:

রাজ্যেও যথাযথ মর্যাদায় ৭৮ তম স্বাধীনতা দিবস উদযাপিত হয়েছে। গতকাল সকালে আগরতলার আসাম রাইফেলস ময়দানে আয়োজিত মূল অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা; মানিক সাহা জাতীয় পতাকা উত্তোলন করেন ও সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন ও অভিবাদন গ্রহন করেন। অনুষ্ঠানে রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী রাজ্যের অগ্রগতির চিত্র বিস্তারিত উল্লেখ করে বলেন, রাজ্য সরকার শিক্ষা, স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের পাশাপাশি জনগনের আর্থিক সমৃদ্ধির লক্ষ্যে অঙ্গীকারবদ্ধ।

PM :

ভারতের ৭৮তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় গতকাল সারা দেশ জুড়ে উদযাপিত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল লালকেল্লায় পতাকা উত্তোলন করেন এবং জাতির উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি বলেন, অগণিত বীর স্বাধীনতা সংগ্রামীর আত্মত্যাগকে শ্রদ্ধা জানানোর দিন। তিনি আশা প্রকাশ করেন ১৪০ কোটি মানুষের প্রচেষ্টায় সমস্ত বাধা দূর করে বিকশিত ভারতের স্বপ্ন সফল হবে। ভোকাল ফর লোকাল এখন অর্থনীতির মন্ত্রে পরিণত হয়েছে।

Independence day-ADC:

এডিসির উদ্যোগেও যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। খুমলুং এ খুমপুই মাঠে মূল অনুষ্ঠানে চেয়ারম্যান জগদীশ দেববর্মা জাতীয় পতাকা উত্তোলন করেন। তিনি নিরাপত্তা বাহিনীর জওয়ানদের কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহন করেন। গতকাল এডিসির পরিষদীয় ভবন প্রাঙ্গণে পরিষদীয় সচিব কেশব দেববর্মা, প্রধান প্রশাসনিক ভবন প্রাঙ্গণে মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া জাতীয় পতাকা উত্তোলন করেন।

Biplab Kumar Deb:

সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল খয়েরপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাধামোহনপুর কাতুঙ পাড়ায় জাতীয় পতাকা উত্তোলন করেন। সেখানে তিনি জনজাতিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।

Health Camp :

ঊনকোটি জেলার ফটিকরায় সৎসঙ্গ বিহার এর উদ্যোগে গতকাল কালাপাণি যোগেশ পাল মেমোরিয়াল স্কুল প্রাঙ্গণে এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবির পরিচালনা করেন, রাজ্যের বিভিন্ন স্থান থেকে আসা কুড়িজন চিকিৎসক। শিবিরে সাত শতাধিক রোগির চিকিৎসা করে বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হয়।

BSF-BGB -Sepahijala:

স্বাধীনতা দিবস উপলক্ষে গতকাল সোনামুড়ার ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে উভয় দেশের সীমান্ত রক্ষী বাহিনীর আধিকারিক ও জওয়ানরা শুভেচ্ছা বিনিময় করেন। শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর সংলগ্ন সীমান্তের জিরো পয়েন্টে বিজিবি ১০ নম্বর বাহিনীর বিবিরবাজার ক্যাম্পের সুবেদার আবু নাসিমের হাতে মিষ্টির প্যাকেট তুলে দিয়ে শুভেচ্ছা জানান বিএসএফের ৮১ নম্বর ব্যাটেলিয়নের কমান্ডেন্ট রাকেশ সিনহা।

Tiranga Rally - ICA:

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে তথ্য সংস্কৃতি দপ্তর ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগরতলায় তিরঙ্গা রেলি অনুষ্ঠিত হয়। রেলিটির সূচনা করেন তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী। রেলিটিতে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে।

Anti Drugs Football Tournament :

দক্ষিণ জেলার পতিছড়ির মুড়াসিং পাড়ার রেঞ্জ ক্লাব আয়োজিত এন্টি ড্রাগস ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হল গারো কলোনি ফ্রিডম ফাইটার দল। বিজয়ী দল ৪ - ২ গোলে পরাজিত করে তুলামুড়া মলসুম দলকে। বিজয়ী দলের হাতে প্রাইজমানি নগদ ২৫ হাজার টাকা ও রানার্স দলকে ১০ হাজার টাকা প্রাইজমানি তুলে দেওয়া হয়। আসরে মোট ৩২ টি দল অংশ নেয়।

Weather:

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৯ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় গোমতী দক্ষিণ ও সিপাহীজলা জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।
